মেহেরপুরে আইডিইবি’র ৫২তম প্রতিষ্ঠা বার্ষিকী ও গণপ্রকৌশল দিবস পালিত

বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ইনস্টিটিউশন অব ডিপ্লোামা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)’র ৫২তম প্রতিষ্ঠা বার্ষিকী ও গণপ্রকৌশল দিবস পালিত হয়েছে।

আজ মঙ্গলবার (৮ নভেম্বর) বেলা ১১ টার সময় মেহেরপুর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ জেলা শাখার উদ্যোগে এ আয়োজন করা হয়।

ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রকৌশলী নুরুল ইসলামের নেতৃত্বে একটি র্যালি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সড়ক ও জনপদ বিভাগ প্রাঙ্গনে গিয়ে শেষ হয়।

পরে সড়ক ও জনপদ বিভাগ প্রাঙ্গনে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রকৌশলী নুরুল ইসলাম।

বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আনিসুজ্জামান বকুল, সড়ক ও জলপদ বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মিজানুর রহমান, যুব উন্নয়ন দপ্তরের আমিনুল ইসলাম প্রমূখ।